

Welland Gouldsmith School, Patuli

Subject-Bengali 2nd Language

Class-V

Answer Key

বিভাগ-ক

১. ব্যাকরণভিত্তিক প্রশ্নঃ-

ক) লিঙ্গ পরিবর্তন করোঃ-

প্রভু - পত্নী

দাস - দাসী

রাজা - রানী

পিতা - মাতা

খ) পদ পরিবর্তন করোঃ-

পৃথিবী - পার্থিব

আলো - আলোকিত

ঐক্য -এক,

পুষ্টি - পুষ্ট,

তুচ্ছ - তুচ্ছতা,

লজ্জা - লজ্জিত,

তেজ -তেজি,

ক্ষুদ্র - ক্ষুদ্রতা,

ঘুম- ঘুমন্ত,

কম -কমতি ।

গ) বিপরীত শব্দ লেখোঃ-

বিশ্বী-সুশ্রী,

শহর-গ্রাম,

মোটা- রোগা,

সামান্য- অসামান্য,

নামি - উঠি,

লোভ - নিরলোভ,

অন্ধকারে- আলোতে,

ঐক্য- অনৈক্য ।

ঘ) নীচের শব্দগুলির গদ্যরূপ লেখোঃ-

লহ- লও

ধরি-ধরিয়া

আইলাম-আসিলাম

মম-আমার

কহেন- বললেন

বিভাগ-খ

২. অর্থ লেখোঃ-

পুষ্টি- রসদ

ক্রেস-কষ্ট

স্বয়ং-নিজ

কোচমান- ঘোড়ার গাড়ির চালক

মূর্খ- বোকা

আনাচে-কানাচে- কোনেকোনে

তটিনী- নদী

রবিকিরণ- সূর্যের আলো

উপার্জন-রোজগার

৩. শূন্যস্থান পূরণ করোঃ-

ক) অপরাধ ক্ষমা করো চলো প্রভু দেশ।

সিংহাসনে বসিয়া ঘুচাও মনঃক্লেশ।

খ) শ্রীরাম বলেন তুমি ভরত পণ্ডিত।

না বুঝিয়া কেন বল এ নহে উচিত।।

গ) দেখো ভাই কেহ একা নামিও না। ঐক্যই বল, নহিলে আমরা কেহ নই। চল, আমরা ক্ষুদ্র বৃষ্টিবিন্দু কিন্তু পৃথিবী রাখিব। শস্যক্ষেত্রে শস্য জন্মাইবে, মনুষ্য বাঁচিবে।

৫. ঠিক-ভুল নির্ণয় করোঃ-

ক) ভুল

খ) ঠিক

গ) ঠিক

ঘ) ঠিক

ঙ) ঠিক

৬. নীচের প্রশ্নগুলির উত্তর লেখোঃ-

ক) ভরত রামচন্দ্রের চরণ ধরে কী বলেছিলেন?

উঃ- ভরত রামচন্দ্রের চরণ ধরে বলেছিলেন যে, তিনি কার কথায় রাজ্য ছেড়ে বনে চলে এসেছেন? সে যদি কোন অপরাধ করে থাকেন, তাকে ক্ষমা করে দিতে বলেছেন এবং অযোধ্যায় ফিরে সিংহাসনে বসতে বলেছিলেন।

খ) রামচন্দ্র এর উত্তরে কী বলেছিলেন?

উঃ- রামচন্দ্র ভরতের কথার উত্তরে তাঁকে বলেছিলেন যে, সে জ্ঞানী ব্যক্তি সুতরাং তার না বুঝে কথা বলা উচিত নয়। তিনি পিতার আদেশেই বনে এসেছেন। চোদ্দ বছর পর পিতার আদেশ পালন করেই তিনি অযোধ্যায় ফিরবেন।

গ) জননীর দুরবস্থা দেখে ছেলের কী মনে হল? তখন সে কি করল?

উঃ- জননীর দুরবস্থা দেখে ছেলের মনে হল তার মা তাকে অতি কষ্টে লেখাপড়া শিখিয়েছেন। যে মা তার জন্য এত পরিশ্রম ও কষ্ট করেছেন সেই মায়ের জন্য তার আরও পরিশ্রম করা উচিত। তখন ছেলেটি কারখানায় কাজ করতে শুরু করল।

ঘ) “যে একা সেই ক্ষুদ্র ও সেই সামান্য”।

এ কথা কে বলে? কোন প্রসঙ্গে বলে? একা থাকলে তার কী অবস্থা হবে?

উঃ- এ কথা বৃষ্টিবিন্দু বলেছে। বৃষ্টিবিন্দু একতাই শক্তি বোঝানোর জন্য এই কথা বলেছে। বৃষ্টিবিন্দু একা থাকলে সূর্যেরকিরণে মাঝপথে শুকিয়ে যায়।

ঙ) “রাত্রি নটা বাজলে ঘুমের ঘোরে ঢুলু ঢুলু চোখে ছুটি পেতুম”।

কে কার কথা বলেছেন? তিনি কোন মাস্টার মশাইয়ের কথা এখানে বলেছেন? তিনি কী পড়াতেন?

উঃ- লেখক রবীন্দ্রনাথ তাঁর ছেলেবেলার কথা বলেছেন। তিনি অঘোর মাস্টারমশাইয়ের কথা এখানে বলেছেন। তিনি প্যারী সরকারের ফার্স্টবুক পড়াতেন।

চ) “তখন জলের কল বসেনি”।

তখন মানে কখন? কীভাবে জল আনা হত তখন? কোথায় তা রাখা হত?

উঃ- তখন মানে লেখকের ছেলেবেলার সময়কে বোঝাচ্ছে। তখন বেহারা বাঁখে করে কলসি ভরে গঙ্গার জল তুলে আনত। একতলার অন্ধকার ঘরে বড় বড় জালায় সারি সারি করে তা রাখা হত।